

ঢাবিতে অচলাবস্থার বিরুদ্ধে
আন্দোলন গড়ে উঠছে ॥
ছাত্রদলের অবস্থান ধর্মঘট

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ॥ ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে লাগাতার ধর্মঘটের সমর্থনে ছাত্রদল বৃহস্পতিবার প্রতীক অবস্থান ধর্মঘট কর্মসূচী পালন করেছে। এদিকে ঢাকা বিশ্ববিদ্যালয়সহ দেশের ৫৫টি শিক্ষা প্রতিষ্ঠানে ছাত্রলীগ বিএনপি চেয়ারপার্সন খালেদা জিয়ার বিরুদ্ধে শিক্ষা ব্যবস্থা ধ্বংসের অভিযোগ এনেছে। প্রধান দু'টি ছাত্রসংগঠনের বাইরে কিছুসংখ্যক সাধারণ ছাত্র নজিরবিহীন এই অচলাবস্থার জন্য নেতিবাচক ছাত্ররাজনীতি এবং প্রশাসনিক ব্যর্থতাকে দায়ী করে আন্দোলনে নামার ঘোষণা দিয়েছে।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের পদত্যাগের দাবিতে ছাত্রদল তাদের লাগাতার ধর্মঘট কর্মসূচীর মধ্যে বৃহস্পতিবার কলাভবনে প্রবেশের গেটে প্রতীক অবস্থান ধর্মঘট কর্মসূচী পালন করেছে। এদিকে ছাত্রদলের ধর্মঘটের বিরুদ্ধে ছাত্রলীগ ক্যাম্পাসে মিছিল সমাবেশ করে বিএনপির বিরুদ্ধে শিক্ষা ব্যবস্থা ধ্বংসের অভিযোগ এনেছে।

বিশ্ববিদ্যালয়ের কিছুসংখ্যক সাধারণ ছাত্রছাত্রী বর্তমান অচলাবস্থার জন্য নেতিবাচক ছাত্ররাজনীতি ও বর্তমান প্রশাসনের ব্যর্থতাকে দায়ী করে প্রতিবাদ মিছিল সমাবেশ থেকে সচেতন শিক্ষক ও ছাত্রছাত্রীদের এগিয়ে আসার আহ্বান জানান।